

৩য় আন্তঃবিভাগ ভলিবল (ছাত্র/ছাত্রী) প্রতিযোগিতা ২০২০ এর উদ্বোধন



২ ফেব্রুয়ারি ২০২০-রবিবার ক্রীড়া উপ-কমিটি (ভলিবল/বাস্কেটবল/হ্যান্ডবল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ৩য় আন্তঃবিভাগ ভলিবল (ছাত্র/ছাত্রী) প্রতিযোগিতা ২০২০ এর উদ্বোধন অনুষ্ঠান জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে (ধুপখোলা) অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ক্রীড়া উপ-কমিটি (ভলিবল/বাস্কেটবল/হ্যান্ডবল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহবায়ক অধ্যাপক ড. মোহাম্মদ মনিরুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, প্রক্টর, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং প্রতিযোগিতায় অংশগ্রহনকারী শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।